

কবিতায় ৫২

সীমা সেন

স্মৃতির মিনার

যায় যদি যাক প্রাণ,
মানি নাকো কোন আইন,
রষ্ট্রভাষা বাংলা চাই।
১৯৪৮' ধীরেন্দ্রনাথের বিনীত দাবি
-বাংলাকেও সংসদে স্বীকৃতি দিতে হবে।
আঁথকে উঠেন লিয়াকত আলী খান,
বাংলা হবে না, হতে পারে না।
২৭ জানুয়ারি ১৯৫২, খাজা নাজিমুদ্দিনের প্রহসন,
উর্দুই হবে পাকিস্তানের রষ্ট্রভাষা।
ছাত্র জনতা সবাই একজোট,
গঠিত হল সর্বদলীয় রষ্ট্রভাষা কর্মপরিষদ।
ছাত্র জনতার ডাক-হরতাল ২১শে ফেব্রুয়ারী।
ভীমরুলের ঢাকে খোঁচা,
অসহায় মুখ্যমন্ত্রী নূরুল আমীন,
দেখে নেব ছাত্রদের,
জারি হল ১৪৪ ধারা।
হরতাল চলবে না, ছাত্রদের দাবি মানবো না।
ঝাঁকে ঝাঁকে মিছিল, সংগ্রামে রাজপথ, উত্তাল জনতা,
নূরুল আমীনের টাস্-টাস্ গুলির শব্দ কাল বিলম্ব করেনি।
আমার মায়ের দামাল ছেলেরা—রফিক, সালাম, বরকত
ওদের রক্তে ভেজা দেহ ঐ রাজপথে।
অর্ধশতাব্দী পর আমি আজও ওদের তাজা রক্তের গন্ধ পাই,
আজও লাশ ছাড়া গায়েবানা জানাজা হয়।
আমার দেহ তাই বারবার রাজপথে লুটিয়ে পড়ে
শোকের বার্তা দাবানলের মত ছড়িয়ে যায় সমগ্র শহরে,
কারণ আমরা আজও স্মৃতির মিনার গড়ে চলেছি।

একুশের একাত্ততা

পঞ্চাশ বছর পর আজ আমি
আবারও একুশের সাথে মিশেছি,
আমি জানি—একুশের আছে রক্ত, শ্রোত, যোদ্ধা, ভাষা।

আমি নিঃস্ব, তবুও একাত্ত; অজানা, অচেনা এক পথিক,
যে শুধু সন্মুখেই চলে।
লোকচক্ষু দেখতে অক্ষম।
তবুও আমার বিরামহীন এই পথচলা,
একুশকে সঙ্গে নিয়ে।

আমি যুগে যুগে একুশকে
রক্ত গোলাপ দিয়ে যাব,
৫২' সেদিনের মত মিষ্টি হেসে
সে হয়তো বলবে—
সময়, তোমার চোখে জল কেন?
আমি বলবো,
এ আনন্দের ভাণ্ডার আমি রাখবো কোথায়?
আমি তো শ্রোত, যা শুধু ভাসাতেই জানে, রাখতে জানে না।
তুমি না ভাসালে আমি বাংলায় ফিরবো কী করে?
নিরন্তরে কাল সরে দাঁড়ায়,
থাকে শুধু প্রশ্ন, আমি কে? কোথায় যাব?
একুশ আমার সঙ্গে যাবে তো?

'বাংলা' নামের শব্দ

আমরা বাঙালি, আর ভাষা বাংলা,
'বাংলা' আমাদের হৃদয়ে গেঁথে থাকা
এক চিরন্তন সত্য।

সেই মোঘলদের কাল থেকে
'বাংলা' নামের শব্দটি
আমরা বহন করে চলেছি।
অবিরাম চলতেই থাকবে এই বাংলা,
মানব সভ্যতার হৃদয়াঙ্গনে।

'৪৭ এর ষড়যন্ত্রে বাংলা দুমড়ে মুচড়ে
পতিত হয়েছিল মাটিতে,
'৫২ ফিরে পেয়েছি বাংলার বাহন।
কিন্তু ঐ একান্তর আমাদের ফিরিয়ে দিল
বাংলার ধারক—বাংলাদেশকে।
এক রক্তক্ষয়ী সংগ্রামের মাধ্যমে
জন্ম পেল এই বাংলা।

ভবিষ্যৎ প্রজন্ম তোমাদের কাছে
আমার এই মিনতি
বাংলাকে কখনও ছেড়ে না,
ছড়িয়ে দাও সর্বত্র, বিলিয়ে দাও
ধারণ কর হৃদয়ের অন্তস্থলে।